৮ ডিসেম্বর, ২০২৫

# ইস্পাহানি প্রথম আলো ফুটবল টুর্নামেন্টে সেমিফাইনালে গণ বিশ্ববিদ্যালয়



সংগৃহীত ছবি

গণ বিশ্ববিদ্যালয় (গবি) ইস্পাহানি প্রথম আলো আন্তবিশ্ববিদ্যালয় ফুটবল টুর্নামেন্টে শেষ সেমিফাইনালিস্ট হিসেবে জায়গা করে নিয়েছে।

আজ সোমবার (৮ ডিসেম্বর) ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাঠে অনুষ্ঠিত ম্যাচে গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে ৪–১ গোলে হারিয়ে সেমিফাইনাল নিশ্চিত করেছে গণ বিশ্ববিদ্যালয় (গবি)।

ম্যাচের প্রথমার্ধেই গণ বিশ্ববিদ্যালয় দুটি গোল করে এগিয়ে যায়। পুরো ম্যাচে রাফায়েল টুডু হ্যাটট্রিক করে ম্যাচ সেরা হন এবং আরাফাত মিয়া একটি গোল করেন। গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শেষার্ধে পেনাল্টি থেকে একটি গোল করে। এতে ৪–১ ব্যবধান তৈরি হয় এবং গণ বিশ্ববিদ্যালয় সেমিফাইনালে পৌঁছায়।

দুই দলের শক্তি তুলনামূলকভাবে সমান থাকলেও গণ বিশ্ববিদ্যালয় মাঠে অভিজ্ঞতা ও দৃঢ় মানসিকতা দেখিয়েছে। বাংলাদেশের দ্বিতীয় স্তরের বিভিন্ন লিগে খেলা শিক্ষার্থীরা এই দলের অংশ হওয়ায় তাদের খেলা নজর কাড়ছে দর্শকদের। ম্যাচের এই জয়ে দলটি আবারও শিরোপা পুনরুদ্ধারের স্বপ্ন দেখছে।

বিশ্ববিদ্যালয় দলকে ক্লাব টিমের সঙ্গে তুলনা করা হচ্ছে। খেলোয়াড়দের যোগ্যতা, ফুটবল কৌশল এবং মাঠে দৃঢ়তা মিলিয়ে গণ বিশ্ববিদ্যালয়কে এই টুর্নামেন্টে শক্তিশালী দল হিসেবে ধরা হচ্ছে। দর্শক ও সমর্থকরা তাদের পারফরম্যান্সে উচ্ছ্বসিত হয়েছেন।

সেমিফাইনালে গণ বিশ্ববিদ্যালয়ের প্রতিপক্ষ চিটাগাং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি। এই ধাপের দুটি ম্যাচই অনুষ্ঠিত হবে জাতীয় ফুটবল স্টেডিয়ামে।